# নিউজলেটার

## Urban Green Graduation Programme এর এক বৎসর পূর্তি: জানুয়ারি-ডিসেম্বর'২০২৩

**আইরিশ এইড এর আর্থিক সহযোগিতায় এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় পরিচালিত একটি প্রকল্প; বাস্তবায়নে সিপ**

**প্রারম্ভিক কথা:** ২০০৮ সালে সোশ্যাল এন্ড ইকোনোমিক ইনহ্যান্সমেন্ট প্রোগ্রাম-সিপ, কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহযোগিতায় এবং আইরিশ এইডের আর্থিক সহায়তায় একটি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম শুরু করে প্রকল্পটির নাম ছিল "আমরাও মানুষ"। ২০১৬ সালে আমরাও মানুষ প্রকল্পের কার্যক্রম শেষ হয় এবং ২০১৭ সাল থেকে ২০২২ পর্যন্ত আমরাও মানুষ প্রকল্পের ধারাবাহিকতায় Improving the Lives of Urban Extreme Poor (ILUEP) শিরোনামে আরেকটি প্রকল্প বাস্তবায়ন করা হয়। মূলত: ILUEP প্রকল্পটি আমরাও মানুষ প্রকল্পেরই বর্ধিতাংশ। আমরাও মানুষ প্রকল্পে আমরা কাজ করেছি শুধুমাত্র পথবাসী মানুষদের সাথে আর ILUEP প্রকল্পের মাধ্যমে আমরা কাজ করেছি পথবাসী, ঝুপড়ীবাসী এবং অনুন্নত বস্তিবাসী মানুষদের সাথে। প্রকল্পের লক্ষ্য ছিল তালিকাভূক্ত সুবিধাভোগীদের জীবন এবং জীবিকার মান উন্নয়ন করা। এ প্রকল্পের মাধ্যমে আমরা ২,২৫০ টি নগর হতদরিদ্র পরিবারের প্রায় ১০ (দশ) হাজার মানুষের সাথে কার্যক্রম বাস্তবায়ন করেছি। এ প্রকল্পের সময়কাল ছিল ২০১৭-২০২২ সাল পর্যন্ত। আমরাও মানুষ এবং ILUEP প্রকল্প দুটি শেষ করে এই দুইটি প্রকল্পের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে আমরা তৃতীয় পর্যায়ে Urban Green Graduation Programme (UGGP) শিরোনামে প্রকল্পের মাধ্যমে কার্যক্রম শুরু করেছি। মেয়াদ ২০২৩-২০২৭ সাল পর্যন্ত ০৫ বৎসর। এ প্রকল্পের কর্ম এলাকা গাবতলী, মিরপুর-০১ এবং মিরপুর-০২ ওয়ার্ড নম্বর ২,৩, ৬, ৭, ৮, ৯, ১০,১২  এবং ১৩ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

## Goal of the Programme:

Households can sustainably meet their basic needs and have improved coping strategies through strengthened livelihoods which place value on the natural environment

পরিবারগুলো টেকসইভাবে তাদের মৌলিক চাহিদা মেটাতে পারবে এবং জীবিকার মাধ্যমে সমস্যা মোকাবেলা করার কৌশল জানতে পারবে যা প্রাকৃতিক পরিবেশের উপর অবস্থিত।

## Outcome of the Programme:

Outcome-1: Improved food security (খাদ্য নিরাপত্তা বৃদ্ধি)

Outcome-2: Increase financial security. (আর্থিক নিরাপত্তা বৃদ্ধি)

Outcome-3: Improved access to affordable, accessible and appropriate financial services & Increased savings. (সাশ্রয়ী মূল্যের গ্রহনযোগ্য এবং উপযুক্ত আর্থিক পরিষেবা এবং সঞ্চয়ের সুবিধা বৃদ্ধি করা) ।

Outcome-4: Improved Social Cohesion & Social Capital including status of women. (সামাজিক সুসংগতি, সামাজিক সম্পদ/পুঁজি এবং নারীর অবস্থার উন্নতি) ।

Outcome-5: Improved environmental protection and sustainability. (উন্নত পরিবেশগত সুরক্ষা এবং স্থায়ীত্ব) ।

Outcome 6: Generates evidence that Green Graduation sustainably improves the wellbeing of participants and improves environmental protection and sustainability.

Outcome 7: Crisis affected households are able to meet their immediate needs related to a disaster/shock within the program areas

Urban Green Graduation Programme (UGGP) একটি দীর্ঘ মেয়াদী কার্যক্রম। প্রকল্পের তালিকাভূক্ত হতদরিদ্র নগরবাসীকে গ্র্যাজুয়েশন করা খুব সহজ কাজ নয়। বিভিন্ন অভিজ্ঞতা, দক্ষতা এবং বিশেষ করে কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় আমরা এই চ্যালেঞ্জিং কাজটি করার উদ্যোগ নিয়েছি। সোশ্যাল এন্ড ইকোনোমিক ইনহ্যান্সমেন্ট প্রোগ্রাম (সিপ) এর তত্ত্বাবধানে ২,০০০ পরিবারের ৮,০০০-৯,০০০ হতদরিদ্র নগরবাসী মানুষকে তালিকাভূক্ত করে প্রকল্পের কার্যক্রম শুরু করা হয়েছে। শিক্ষাক্ষেত্রে যেমন এসএসসি, এইচএসসি এবং স্নাতক পাশ করলে গ্র্যাজুয়েশন ধরে নেওয়া হয় তদ্রুপ আমাদের তালিকাভূক্ত বেনিফিসিয়ারিজদের সামাজিক নিরাপত্তা, জীবিকার উন্নতি, আর্থিক উন্নতি এবং সামাজিক ক্ষমতায়ন এই ৪টি স্তম্ভকে গ্র্যাজুয়েশনের মানদন্ড হিসাবে বিবেচনা করা হয়েছে এবং সেই লক্ষ্যকে সামনে রেখেই প্রকল্পের সামগ্রীক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্প শেষে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে মূল্যায়ন করে তা যাচাই করা হবে।

# নিউজলেটার

## Urban Green Graduation Programme এর এক বৎসর পূর্তি: জানুয়ারি-ডিসেম্বর'২০২৩

**আইরিশ এইড এর আর্থিক সহযোগিতায় এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় পরিচালিত একটি প্রকল্প; বাস্তবায়নে সিপ**

## Urban Green Graduation Programme এর চারটি স্তম্ভ:




নগর হতদরিদ্র মানুষদের জীবন জীবিকার মান উল্লেখিত ৪টি স্তরে উন্নিত হওয়ার মাধ্যমে বুঝতে পারা যাবে সুবিধাভোগীদের গ্র্যাজুয়েশন অবস্থা। পাঁচ বৎসর সময় সীমার এই প্রকল্পের ১ম বছর ৩১ ডিসেম্বর ২০২৩ অতিবাহিত হতে যাচ্ছে। প্রকল্পের শুরুতে প্রস্তুতিমূলক কিছু কাজ থাকে। সেই কাজগুলো পর্যায়ক্রমে শেষ করে আমরা পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুসারে কার্যক্রম শুরু করেছি। প্রকল্পের ৪টি স্তম্ভ এবং কার্যক্রম সমূহ নিম্নে আলোচনা করা হলো।

## সামাজিক নিরাপত্তা:

**প্রকল্পের তালিকাভুক্ত নগর হতদরিদ্র মানুষদেরকে সামাজিক নিরাপত্তা বলয়ের আওতায় নিয়ে আসা:** প্রকল্পের তালিকাভুক্ত নগর হতদরিদ্র মানুষদেরকে সামাজিক নিরাপত্তা বলয়ের আওতায় নিয়ে আসার জন্য আমরা প্রকল্পের শুরুতেই প্রচেষ্টা নিয়েছি। এ পর্যায়ে আমরা প্রকল্পের কার্যক্রম সম্পর্কে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনসহ স্থানীয় কাউন্সিলরদের আনুষ্ঠানিকভাবে অবগত করেছি। জেলা প্রশাসক থেকে শুরু করে সমাজ সেবা অফিস এবং আইন প্রয়োগকারী সংস্থা (থানা পুলিশ) সহ প্রশাসনের বিভিন্ন স্তরে আমরা যোগাযোগ করেছি। সুবিধাভোগীদেরকে আমরা সামাজিক নিরাপত্তা বলয়ের আওতায় নিয়ে আসার জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া শুরু করেছি। তাদের জন্মনিবন্ধন, জাতীয় পরিচয়পত্র এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজ-পত্র সংগ্রহ করা হয়েছে । তথ্য সম্বলিত সচেতনতা বৃদ্ধির জন্য বেনিফিসিয়ারিজদের সাথে নিয়মিত উঠান বৈঠক করা হচ্ছে। এ সকল উঠান বৈঠকে সচেতনতামূলক আলোচনা করার জন্য একটি গাইড লাইন তৈরী করা হয়েছে। ১৮-২০ টি বিষয় এই গাইড লাইনে অন্তর্ভূক্ত করা হয়েছে। বিষয়গুলো হচ্ছে: স্বাস্থ্য বিষয়ক আলোচনা, লিডারশিপ, সঞ্চয় (রোজবী), পুষ্টি ও খাদ্য, পয়:নিষ্কাশন, গর্ভকালীন পরিচর্যা, প্রজনন স্বাস্থ্য, জেন্ডার, ব্যবসা বিষয়ক (চাকুরী, দক্ষতা উন্নয়ন), মানসিক স্বাস্থ্য, কিশোর কিশোরীদের

# নিউজলেটার

## Urban Green Graduation Programme এর এক বৎসর পূর্তি: জানুয়ারি-ডিসেম্বর'২০২৩

**আইরিশ এইড এর আর্থিক সহযোগিতায় এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় পরিচালিত একটি প্রকল্প; বাস্তবায়নে সিপ**

স্বাস্থ্য পরিচর্যা, ৫ বছরের নিচে শিশুর যত্ন, দলীয় সম্প্রীতি ও দলের সদস্যদের ভূমিকা, পেশাগত নিরাপত্তা, দূর্যোগ, সক্ষমতা বৃদ্ধি, পরিবেশ এর ভারসাম্য রক্ষা, এফ-সিআরএম, নগর সবুজায়ন ইত্যাদি।

### জীবিকার উন্নতি:

জীবিকার উন্নয়ন এই প্রকল্পের প্রধান লক্ষ্য। শুধুমাত্র জীবিকার উন্নয়নই নয়, জীবিকার উন্নয়নের মাধ্যমে হতদরিদ্র মানুষদেরকে গ্র্যাজুয়েট করা আমাদের অন্যতম কাজ। জীবিকার উন্নয়নে আমরা তাদেরকে দক্ষ করে গড়ে তোলার জন্য নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করছি। যেমন: সাইকোসোশ্যাল কাউন্সিলিং, ক্ষুদ্র ব্যবসা প্রশিক্ষন, কারিগরী প্রশিক্ষন, ওরিয়েন্টেশন, ব্লক গ্র্যান্টস, সচেতনতা বৃদ্ধি ইত্যাদি। জীবিকার উন্নয়নের মাধ্যমে তাদের সম্পদ বৃদ্ধি পাবে, সঞ্চয় হবে, ব্যবসায় উন্নতি হবে, আয় রোজগার বৃদ্ধি পাবে এবং সে দারিদ্রসীমাকে অতিক্রম করতে সক্ষম হবে।

### আর্থিক উন্নতি:

তালিকাভূক্ত প্রতিটি হতদরিদ্র পরিবারকে আর্থিকভাবে সমৃদ্ধ করতে আমরা তাদের মধ্যে সঞ্চয় অভ্যাস গড়ে তোলার জন্য নানাবিধ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছি। ব্যাংকিং লেন-দেন শিখাচ্ছি, নিয়মিত সঞ্চয় অভ্যাস গড়ে তোলার জন্য ব্যাংক হিসাব খোলা সহ বিভিন্ন সঞ্চয় স্কীমের সাথে পরিচয় করিয়ে দিচ্ছি। ইতোমধ্যে কিছু কিছু বেনিফিসিয়ারিজ নিয়মিত সঞ্চয় করা শুরু করেছে। দলীয়ভাবে রোজবি (লটারী খেলা) করার মাধ্যমে তারা এককালিন টাকা পাচ্ছে। এই টাকাও ব্যবসার তহবিল হিসাবে সম্পৃক্ত করে ব্যবসাকে আরো শক্তিশালী করার চেষ্টা করছে। আমরা প্রশিক্ষনের মাধ্যমে তাদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধি করছি।

### সামাজিক ক্ষমতায়ন:

সবচেয়ে বড় কথা একটি পরিবার যখন আর্থিকভাবে সচ্ছল হয়ে উঠছে সাথে সাথে তাঁর সামাজিক মর্যাদা বৃদ্ধি পাচ্ছে। সমাজে তাঁকে যে পরিমান অসম্মান করা হতো, সেখানে এখন সে সামাজিক মানুষ হিসাবে স্বীকৃতি পাচ্ছে। সে স্থানীয় কাউন্সিলরদের সাথে দেখা করে কথা বলতে পারছে। তাঁদের মধ্যে একধরনের লিডারশীপ তৈরী হচ্ছে, কথা বলার দক্ষতা বৃদ্ধি পাচ্ছে। যৌথভাবে পারিবারিক সিদ্ধান্ত গ্রহন করার মানসিকতা তৈরী হচ্ছে। স্বেচ্ছাসেবক হিসাবে কমিউনিটির অন্যান্য মানুষদের জন্য সহযোগিতা করার মানসিকতা তৈরী হচ্ছে।

### প্রকল্পের কার্যক্রম:

### সার্ভে (জরিপ):

প্রকল্পরের জরিপ কার্যক্রম

প্রকল্পের শুরুতেই আমরা আমাদের নির্ধারিত কর্ম এলাকা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় মিরপুরে জরিপ কাজ সম্পন্ন করি। এখানে উল্লেখ্য যে আমরা পরপর ২টি জরিপ (সার্ভে) করি। একটি সার্ভের মাধ্যমে আমরা কিছু মানদন্ড বা নির্নায়ক মেনে দিনে রাতে ঘুরে ঘুরে বেনিফিসিয়ারিজ নির্বাচন করি। নির্বাচনের মাধ্যমে তাঁদেরকে বেনিফিসিয়ারিজ হিসাবে তালিকাভূক্ত করা হয়েছে। আরেকটি বেইজ লাইন সার্ভে করি। বেইজ লাইন সার্ভের মাধ্যমে তাদের বর্তমান আর্থিক ও সামাজিক অবস্থান লিপিবদ্ধ করে রাখা হয়। যাতে পরবর্তীতে তাদের অবস্থার পরিবর্তন অতি সহজেই পরিমাপ করা যায়। সার্ভের মাধ্যমে ২৭৫১ পথবাসী, ঝুপড়ীবাসী এবং অনুন্নত বস্তিবাসী পরিবার তালিকাভূক্ত করা হয়। কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে ২,৫০০ পরিবারকে ১৭টি ক্লাস্টারে বিভক্ত করা হয়। এককেটি ক্লাস্টারে ১ম বৎসরের জন্য ৬০টি করে পরিবার মোট ১০২০ পরিবার তালিকাভূক্ত করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

# নিউজলেটার

## Urban Green Graduation Programme এর এক বৎসর পূর্তি: জানুয়ারি-ডিসেম্বর'২০২৩

**আইরিশ এইড এর আর্থিক সহযোগিতায় এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় পরিচালিত একটি প্রকল্প; বাস্তবায়নে সিপ**

**সেল্ফহেলপ গ্রুপ তৈরী**

### দল গঠন বা সেল্ফহেলপ গ্রুপ তৈরী:

এ প্রকল্পের মাধ্যমে হতদরিদ্র মানুষদের অধিকার আদায়ের লক্ষ্যে কাজ করার জন্য ২০২৩ সালে ৬৮টি দল তৈরী করা হয়েছে। প্রতিটি দলে ১৫ জন করে (১৫টি পরিবার) সদস্য আছে। এই দল গুলোর সাথে নিয়মিত মিটিং করে তাদেরকে ঐক্য বদ্ধ হওয়ার জন্য অধিকার বিষয়ক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। দলের গুরুত্ব, নেতৃত্ব, দল ব্যবস্থাপনা, ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহন, পুষ্টি, ডেঙ্গু, সমসাময়িক ঘটনা, অধিকার আদায়ের জন্য বিভিন্ন মানববন্ধনসহ অনুষ্ঠানাদিতে অংশগ্রহন ইত্যাদি বিষয়ে আলোচনা করে দলের সদস্যদের সচেতনতা বৃদ্ধির চেষ্টা করা হয়েছে। প্রতিটি দলে ১জন সভাপতি, ১জন সহ-সভাপতি ১জন সাধারন সম্পাদক, ১জন কোষাধ্যক্ষ এবং বাকী ১১ জনকে সদস্য করে কমিটি করা হয়েছে। কমিউনিটিতে কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনে এই কমিটির মিটিং এ আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হয়ে থাকে।

### সাইকোসোশ্যাল কাউন্সিলিং ট্রেনিং:

সুবিধাভোগীদেরকে ক্ষুদ্র ব্যবসা ও পরিবার উন্নয়ন বিষয়ক দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষন প্রদানের পূর্বে আমরা তাদেরকে সাইকোসোশ্যাল কাউন্সিলিং ট্রেনিং প্রদান করেছি। একজন সাইকোলজিষ্ট দুই দিনের এই প্রশিক্ষন প্রদান করেন। এই প্রশিক্ষনের মাধ্যমে পরিকল্পনা কি? পরিকল্পনা কেনো দরকার? স্বপ্ন এবং পরিকল্পনা সর্ম্পকে জানতে পারা, স্বপ্ন এবং জীবনের দক্ষতা কেন দরকার? দক্ষতা অর্জনের গুরুত্ব এবং প্রয়োজনীয়তা, জীবিকা উন্নয়নের জন্য পারিবার ভিত্তিক আলোচনা এবং পারিবারিক সম্পর্ক উন্নয়ন, নিজের পরিবর্তন এবং দক্ষতা অর্জনের কৌশল ইত্যাদি সম্পর্কে বিশদ আলোচনা করা হয়েছে। যে ক্ষুদ্র ব্যবসা তিনি করতে যাচ্ছেন সেই ব্যবসার প্রতি মনোনিবেশ ঘটানো এই প্রশিক্ষনের উদ্দেশ্য। প্রথম বছরে ৪৪২ জন সুবিধাভোগীকে এই প্রশিক্ষন প্রদান করা হয়েছে।

**সাইকোসোশ্যাল কাউন্সিলিং ট্রেনিং**

**ক্ষুদ্র ব্যবসা ও পারিবারিক উন্নয়ন পরিকল্পনা প্রশিক্ষন**

### ক্ষুদ্র ব্যবসা ও পারিবারিক উন্নয়ন পরিকল্পনা প্রশিক্ষন:

২০২৩ সালে প্রথম বছরে আমরা ৪৪২ জন সুবিধাভোগীকে ক্ষুদ্র ব্যবসা ও পরিবার উন্নয়ন বিষয়ক দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষনের আওতায় এনে প্রশিক্ষন প্রদান করি। ০৫ দিনের এই প্রশিক্ষনে অংশগ্রহনকারীদেরকে জীবন-জীবিকার উন্নয়ন, ক্ষুদ্র ব্যবসার সুবিধা, ব্যবসা বাছাই, পুঁজি এবং ব্যবসার বিনিয়োগ সর্ম্পকে ধারণা প্রদান করি। পণ্যের বিক্রয় মূল্য নির্ধারণ, ব্যবসার খরচের খাত, দৈনিক খরচের/ব্যয়ের হিসাব ও দৈনিক আয়ের হিসাব করতে পারা, ব্যবসা পরিকল্পনা,পরিবার উন্নয়ন পরিকল্পনা, ক্রেতাকে বুঝার কৌশল ক্রেতাকে আকর্ষন ও ধরে রাখার কৌশল, নগর সবুজায়ন ও পরিবেশ সুরক্ষায় ক্ষুদ্র ব্যবসায়ীদের ভূমিকা, সঞ্চয় কি, কেন সঞ্চয় করা প্রয়োজন, সঞ্চয়ের নিরাপদ মাধ্যমসমূহ এবং ঘূর্ণায়মান সঞ্চয় সর্ম্পকে শিক্ষা প্রদান করা হয়।

### প্রশিক্ষন পরবর্তী ব্যবসার তহবিল প্রদান:

প্রশিক্ষন প্রদান করার পর তারা যাতে ক্ষুদ্র ব্যবসা শুরু করতে পারে তারজন্য প্রশিক্ষনপ্রাপ্ত সুবিধাভোগীদের তহবিল প্রদান করা হয়েছে। যে তহবিল দিয়ে একজন সুবিধাভোগী ব্যবসা শুরু করতে পেরেছেন। পরবর্তীতে তাঁর ব্যবসায়িক তহবিল বৃদ্ধি করার জন্য ধাপে ধাপে বিভিন্ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা হয়েছে। যেমন: সঞ্চয় করা, রোটেশনাল সেভিংস বা ঘূর্ণায়মান সঞ্চয় করাসহ সাংসারিক ব্যয় কমানোর জন্য অর্থ সহায়তা প্রদান করা

**প্রশিক্ষন পরবর্তী ব্যবসার তহবিল প্রদান**

# নিউজলেটার

## Urban Green Graduation Programme এর এক বৎসর পূর্তি: জানুয়ারি-ডিসেম্বর'২০২৩

**আইরিশ এইড এর আর্থিক সহযোগিতায় এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় পরিচালিত একটি প্রকল্প; বাস্তবায়নে সিপ**

হয়েছে। ধীরে ধীরে তাদের মধ্যে একটি স্বপ্ন তৈরী করা হয়েছে, যে স্বপ্ন তাকে সবুজায়নের মাধ্যমে গ্র্যাজুয়েট হতে সহায়তা করবে। তারা বুঝতে শিখছে নগর সবুজায়নে তাদের ভূমিকা এবং নগর সবুজায়নের গুরত্ব।

### মনিটরিং এবং ফলোআপ:

মনিটরিং এবং ফলোআপ কার্যক্রম

সুবিধাভোগীদের ব্যবসা শুরুর পর থেকে তাদেরকে নিয়মিত ফলোআপ করা হয়েছে। প্রশিক্ষনে যে বিষয়গুলো আলোচনা করা হয়েছে তা সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা দেখার জন্য স্টাফরা নিয়মিত বেনিফিসিয়ারিজদের নিকট গিয়েছে এবং তারা কোন সমস্যায় পরলে তা সমাধানের জন্য সহযোগিতা করা হয়েছে। যাতে করে তাঁর ব্যবসা সে সঠিকভাবে পরিচালনা করতে পারে এবং ধাপে ধাপে সুবিধাভোগীরা গ্র্যাজুয়েট হতে পারে সে দিকে লক্ষ্য রেখে ফলোআপ কৌশল প্রণয়ন করা হয়েছে। সুপারভাইজার, মনিটরিং অফিসার এবং ফিল্ড অপারেশন ম্যানেজারের সমন্বয়ে তাদেরকে নিয়মিত ফলোআপ করা হয়েছে। নিয়মিত ফলোআপের ফলে সুবিধাভোগীরা স্টাফদেরকে সহযোগী বন্ধু হিসাবে গ্রহন করেছেন এবং তাদের কর্মস্পৃহা পর্যায়ক্রমে বৃদ্ধি পেয়েছে। নগর হতদরিদ্র মানুষেরা তাঁদের লক্ষ্য পূরণের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছে। এ যাত্রার ১ম বৎসর (২০২৩) অতিবাহিত হলো।

### ঘূর্ণায়মান সঞ্চয় কার্যক্রম:

এ কার্যক্রমটি খুব সুন্দর এবং আকর্ষনীয়। ১২ থেকে ১৫ জন করে সদস্য সম্পৃক্ত করে একেকটি দল তৈরী করা হয়। দলের সদস্যরা সপ্তাহে বা মাসে একত্রিত হয়। সবাই ৫০০/- টাকা বা ১০০০/- টাকা করে জমা দেয় এরপর সবার নাম লিখে একটি পাত্রের মধ্যে রাখা হয়। লটারীর মাধ্যমে ড্র করে সব টাকা একজনকে দেয়া হয় পরবর্তী মাসে আরেক জন তার পরের মাসে আরেকজন এভাবে রোটেশন করা হয়। যিনি টাকা পেয়ে যান তিনিও রোটেশন শেষ না হওয়া পর্যন্ত টাকা জমা দিতে থাকেন। এভাবে এক রাউন্ড শেষ হলে পরবর্তী রাউন্ড শুরু হয়। প্রাপ্ত টাকা ব্যবসায়ের তহবিল হিসাবে ব্যবহার করা হয়।

ঘূর্ণায়মান সঞ্চয় কার্যক্রম

### কারিগরী প্রশিক্ষন ও চাকুরীর ব্যবস্থা করা:

২০২৩ সালে এই প্রকল্পের মাধ্যমে ১৭ জন সুবিধাভোগীকে কর্মক্ষম করে চাকুরীর ব্যবস্থা করা হয়েছে। তাদেরকে কারিগরী প্রশিক্ষন দিয়ে চাকুরীর ব্যবস্থা করা হয়েছে। কারিগরী প্রশিক্ষন প্রদানের ক্ষেত্রে আমরা স্থানীয় কারিগরী প্রশিক্ষন কেন্দ্রগুলোর সাথে আলাপ-আলোচনা করে ভর্তির ব্যবস্থা করেছি। কারিগরী প্রশিক্ষনের ট্রেড ছিল: মোবাইল সার্ভিসিং, টেইলারিং, গার্মেন্টস, বিউটি পার্লার, কেয়ার গিভার্স, ড্রাইভিং ইত্যাদি। উল্লেখ্য কারিগরী প্রশিক্ষন কেন্দ্রের সহযোগিতায় কারিগরী প্রশিক্ষন প্রাপ্তদের কর্মক্ষম করা হয়েছে বা চাকুরীর ব্যবস্থা করা হয়েছে। এ ব্যাপারে স্থানীয় কারিগরী প্রশিক্ষন কেন্দ্র ইউসেপ এবং মটস্ এর সাথে আমরা এমওইউ (MOU) স্বাক্ষর করেছি। ফলে নগর হতদরিদ্র মানুষদের জন্য তারা ৫০% ব্যয় কমিয়ে দিয়েছে।

### স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে আলোচনা সভা:

২০২৩ সালে আমরা এ প্রকল্পের মাধ্যমে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা তথা লোকাল থানার সাথে আলোচনা সভার আয়োজন করেছি। এর মধ্যে রুপনগর থানা, মিরপুর আদর্শ থানা, শাহ্ আলী থানা এবং দারুস সালাম থানা উল্লেখযোগ্য। এ ধরনের মিটিং আয়োজনের উদ্দেশ্য ছিল হতদরিদ্র পথবাসী, ঝুপরিবাসী এবং অনুন্নত বস্তিবাসী মানুষদের প্রতি আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের ইতিবাচক দৃষ্টিভঙ্গি তৈরী করা। সভায় আমরা প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবগত করেছি, আমাদের সুবিধাভোগীরা যাতে অহেতুক হয়রানীর শিকার না হয় তার জন্য পুলিশ সহ অন্যান্য আইন প্রয়োগকারী কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক সহযোগিতা কামনা করেছি।

স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে আলোচনা সভা

# নিউজলেটার

## Urban Green Graduation Programme এর এক বৎসর পূর্তি: জানুয়ারি-ডিসেম্বর'২০২৩

**আইরিশ এইড এর আর্থিক সহযোগিতায় এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় পরিচালিত একটি প্রকল্প; বাস্তবায়নে সিপ**

আমরা আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের অনুরোধ করেছি, যদি কোন বস্তি বা ঝুপরি বা কোন জায়গা থেকে যদি এসকল হতদরিদ্র পথবাসী, ঝুপড়িবাসী এবং অনুন্নত বস্তিবাসী মানুষদের উচ্ছেদ করা হয়, তাহলে অন্তত: উচ্ছেদের আগে তাদেরকে যেন জানানো হয়। তাহলে তাদের ক্ষতির পরিমান হ্রাস পাবে। এ ধরনের আলোচনা সভায় পুলিশ প্রশাসনসহ আইন প্রয়োগকারী কর্মকর্তাবৃন্দ আমাদের আশ্বাস দিয়েছেন তারা অবশ্যই বিষয়গুলো বিবেচনা করবেন এবং যতটুকু সম্ভব সহযোগিতা করবেন।

### চেঞ্জমেকার তৈরী:

**চেঞ্জমেকার তৈরী প্রশিক্ষন**

প্রকল্পের আওতায় প্রকল্পের সুবিধাভোগীদের মধ্য থেকে কিছু মানুষকে আমরা চেঞ্জমেকার হিসাবে তৈরী করার চেষ্টা গ্রহন করেছি। মূলত: সমাজে নারী-পুরুষের বৈষম্য হ্রাস করার জন্য, শিশু নির্যাতন হ্রাস করার জন্য, বাল্য বিবাহ বন্ধ করার জন্য, স্বেচ্ছা-সেবক হিসাবে কাজ করার জন্য এ ধরনের চেঞ্জমেকার তৈরী করার প্রচেষ্টা। ২০২৩ সালে আমরা ৯০ জন সুবিধাভোগীকে তালিকাভুক্ত করে ৯০ জনকেই প্রশিক্ষন প্রদান করেছি। এই প্রশিক্ষন থেকে প্রাপ্ত জ্ঞান দিয়ে তারা সমাজের নানা প্রকার বৈষম্য দুর করার জন্য অথাৎ পরিবর্তনের জন্য কাজ করতে প্রচেষ্টা চালিয়ে যাবেন। একটি বিষয় সব সময় আমাদের চিন্তা ও চেতনায় ধারণ করতে হবে যে, সমাজের সকল পর্যায়ে সকল কাজে নারীর অবদান রয়েছে। তবুও নারীর কাজের অর্থনৈতিক মূল্য ও সামাজিক স্বীকৃতি নাই বল্লেই চলে। দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে নারীই দরিদ্রতম। সম্পদ ও সিদ্ধান্ত গ্রহনের ক্ষেত্রে নারীর অংশগ্রহন সীমিত। দেশের মোট জনগোষ্ঠীর অর্ধেক নারী হওয়া সত্বেও উন্নয়ন কর্মকান্ডে তাদের অংশগ্রহনের সুযোগ কম। শিক্ষা, স্বাস্থ্য, আইন, মানবাধিকার, রাজনৈতিক অধিকার ইত্যাদিতেও নারীর প্রতি চরম বৈষম্য রয়েছে । সম্পদের অধিকার না থাকা, সিদ্ধান্ত গ্রহনে নারীর মতামতের প্রতি গুরুত্ব না দেয়া এবং মানসিক ও শারিরিক বিকাশের সুযোগ থেকে বঞ্চিত হওয়ার কারনে তারা এখনও পুরুষদের সমকক্ষ হতে পারছে না । যেহেতু বেশীর ভাগ নারী অর্থ উপার্জনকারী কাজ করার সুযোগ পায় না, তাই নারীদের সমাজের বোঝা মনে করা হয় । সমাজের সকল প্রকার উন্নয়ন কর্মকান্ডে এই বিশাল জনগোষ্ঠী অংশ নিতে না পারায় একদিকে দেশ ও সমাজের উন্নয়ন বাধাগ্রস্থ হচ্ছে, অন্যদিকে নারীরা শারিরিক ও মানসিক নির্যাতন এবং সহিংসতার শিকার হচ্ছে। তাই আমরা হতদরিদ্র এই জনগোষ্ঠির নারীদের প্রাধান্য এবং অগ্রাধিকার দিয়ে আমরা এ প্রকল্পের মাধ্যমে নারীকে প্রকৃত সম্মান জানাতে চাই।

### ব্যাংক একাউন্টস খোলা:

২০২৩ সালে এ প্রকল্পের মাধ্যমে প্রায় ৭২১ জন হতদরিদ্র মানুষের সঞ্চয় জমা করার জন্য ব্যাংক হিসাব খুলে দিতে সহায়তা করা হয়েছে। প্রকল্পের সুবিধাভোগী অনেকেই ভালভাবে স্বাক্ষর করতে জানে না, তাদের অনেকেরই জাতীয় পরিচয়পত্র নাই, তাদের অনেকেরই জন্মনিবন্ধন করা নাই। এ ব্যাপারে ডাচ বাংলা ব্যাংক তাদের বাংকে হতদরিদ্র মানুষদের হিসাব খোলার জন্য সহজ প্রক্রিয়া দিয়ে সহায়তা করেছে। এখন তারা ব্যাংক হিসাব খুলে নিয়মিত ব্যাংক লেন-দেন সহ সঞ্চয় করার সুযোগ পাচ্ছে। এ ছাড়াও প্রকল্প থেকে বেনিফিসিয়ারিজদেরকে যে সকল আর্থিক সহায়তা করা হয় তা ব্যাংকিং লেনদেনের মাধ্যমে করা হয় এবং এটা করা বাধ্যতামূলক।

### জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন:

আমাদের প্রকল্পের সুবিধাভোগীদের সাথে আমরা জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন করে থাকি। ২০২৩ সালে আমরা ৫টি দিবস উদ্‌যাপন করেছি। আন্তর্জাতিক নারী দিবস, হাত ধোঁয়া দিবস, বেগম রোকেয়া দিবস, বিশ্ব এইডস দিবস, মানবাধিকার দিবস ইত্যাদি। র‌্যালি, শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা, কবিতা, গল্প বলা, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে দিবসগুলো উদ্‌যাপন করা হয়েছে। এ ধরনের অনুষ্ঠানের আয়োজনের মাধ্যমে হতদরিদ্র মানুষদের সামনে দিবসের তাৎপর্য তুলে ধরা হয়েছে। বিভিন্ন অধিকার সম্পর্কে তাদের সচেতনতা বৃদ্ধি পেয়েছে। এ সকল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে স্থানীয় কাউন্সিলর সহ গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতি অনুষ্ঠানের তাৎপর্য বৃদ্ধিতে সহায়ক হয়েছে।

**বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপন**

# নিউজলেটার

## Urban Green Graduation Programme এর এক বৎসর পূর্তি: জানুয়ারি-ডিসেম্বর’২০২৩

**আইরিশ এইড এর আর্থিক সহযোগিতায় এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় পরিচালিত একটি প্রকল্প; বাস্তবায়নে সিপ**

### বয়স্ক শিক্ষা: (Adult Education)

এই প্রকল্পের সুবিধাভোগীরা যাতে তাদের ক্ষুদ্র ব্যবসার হিসাব-নিকাশ সঠিক ভাবে রাখতে পারে এবং অল্পস্বল্প লেখাপড়া করতে পারে। তার জন্য প্রতিটি কর্মএলাকায় একজন করে কমিউনিটি ভলান্টিয়ার নিয়োগ দেওয়া হয়েছে। এসএসসি/এইচএসসি পাশ এ সকল নিয়োগপ্রাপ্ত কমিউনিটি ভলান্টিয়াররা যাতে সঠিক পদ্ধতিতে বেনিফিসিয়ারিজদের লেখাপড়া শেখাতে পারে তারজন্য একজন বিশেষজ্ঞ প্রশিক্ষকের মাধ্যমে ১০ দিনের একটি প্রশিক্ষন প্রদান করা হয়েছে। প্রশিক্ষনে প্রাপ্ত জ্ঞান দিয়ে এ সকল কমিউনিটি ভলান্টিয়াররা সঠিক পদ্ধতিতে বেনিফিসিয়ারিজদের লেখাপড়া শেখাচ্ছেন।

বয়স্ক শিক্ষা কার্যক্রম

### সোশ্যাল এন্ড ইকোনোমিক ইনহ্যান্সমেন্ট প্রোগ্রাম-সিপ

### ভিশন (সংস্থার স্বপ্ন) ঃ

সিপ শিশুদের জন্য এমন একটি সমাজ তৈরী করতে চায় যেখানে তারা শোষণ, নির্যাতন, বৈষম্যের শিকার হবেনা এবং যেখানে তারা তাদের সম্ভবনাকে সর্বোচ্চ পর্যায়ে কাজে লাগাতে পারবে।

### মিশন (সংস্থার ব্রত) ঃ

- সিপ সুবিধা বঞ্চিত ও নির্যাতিত শিশু-তাদের অভিভাবকগনের ক্ষমতায়ন ও অংশগ্রহন নিয়ে কাজ করে যাতে তারা শিশু অধিকার সমুন্নত রাখতে পারে।
- একইভাবে সমমনা গোষ্ঠির সংস্থার সাথে উপযোগী নীতিমালা, আইন তৈরি নিয়ে কাজ করে যাতে করে স্থানীয় ও জাতীয় পর্যায়ে শিশু অধিকার প্রতিষ্ঠা পায়।

### পূর্বকথা:

সোশ্যাল এন্ড ইকোনোমিক ইনহ্যান্সমেন্ট প্রোগ্রাম (সিপ) একটি স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা যা ১৯৮৫ সালে একদল সমাজকর্মী দ্বারা গঠিত হয়। দরিদ্র, পুষ্টিহীন, শীতার্ত শিশুদের কল্যাণমূলক কার্যক্রমের মাধ্যমে এর যাত্রা শুরু হয়। ১৯৯৫ সালে ’সিপ’ টেরেডেস হোমস্ (টিডিএইচ) নেদারল্যান্ডসের অনুদান প্রাপ্ত হয়। এরপর IPEC / ILO এর সহায়তায় “এডুকেশন প্রোগ্রাম ফর ওয়ার্কিং চিলড্রেন” নামক একটি কর্মসূচী শিশু শ্রমিকদের উন্নয়নকল্পে বাস্তবায়ন করে। ডিসেম্বর ১৯৯৯ সালে সেভ দ্য চিলড্রেন সুইডেন-ডেনমার্ক- এর আর্থিক সহায়তায় “ডেভেলপমেন্ট প্রোগ্রাম ফর দ্য চাইল্ড লেবারার্স থ্রু অলটারনেটিভ ট্রেনিং” নামক একটি কর্মসূচী শুরু করে। এভাবে সিপ বর্তমানে প্রায় **৩৩৭** জন কর্মীর মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। যাদের সাথে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে তারা হল- পথশিশু, শ্রমজীবি শিশু, পিছিয়ে থাকা শিশু, পথবাসী, ঝুঁপড়িবাসী এবং বস্তিবাসী মানুষ ও তাদের মা-বাবাসহ সমাজের হতদরিদ্র মানুষ, নাগরিক সমাজ এবং স্থানীয় সরকারসহ বিভিন্ন দাতা সংস্থা। কার্যক্রমের মধ্যে রয়েছে- প্রাক-প্রাথমিক শিক্ষা, অ-প্রাতিষ্ঠানিক শিক্ষা, মূল ধারার শিক্ষায় সম্পৃক্তকরণ, কারিগরী শিক্ষা, চাকুরীর ব্যবস্থা করা, শিশু ও যুব ক্লাব গঠন, প্রশিক্ষণ, সচেতনতা ও সহযোগিতা, নেট ওয়ার্কিং, দিবা যত্ন কেন্দ্র, রাত্রি নিবাস, পারিবারিক পূনর্বাসন, শিশু বিকাশ, স্বাস্থ্য সেবা, সাংস্কৃতিক কার্যক্রম ও খেলা-ধূলা, মনোসামাজিক সহযোগিতা, ড্রপ ইন সেন্টার, সঞ্চয় কার্যক্রম, ক্ষুদ্রঋণ, শর্তবিহীন অনুদান, স্বেচ্ছাসেবক তৈরী, দক্ষতা বৃদ্ধি, দুর্যোগ বিষয়ক সচেতনতা ইত্যাদি।

### যে ০৬টি বিষয়কে প্রাধান্য দিয়ে সিপ কার্যক্রম বাস্তবায়ন করে থাকে:

- Climate Action & Humanitarian Response
- Child Protection & Child Rights Governance
- Education Skill Development & Livelihood
- Food Security & Nutrition
- Health & Family Planning
- Water, Sanitation & Hygiene (WASH)

# নিউজলেটার

## Urban Green Graduation Programme এর এক বৎসর পূর্তিঃ জানুয়ারি-ডিসেম্বর'২০২৩

**আইরিশ এইড এর আর্থিক সহযোগিতায় এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় পরিচালিত একটি প্রকল্প; বাস্তবায়নে সিপ**




**আমরা বিশ্বাস করি**

- পিছিয়ে পড়া, সুবিধা বঞ্চিত শিশু ও চরম দরিদ্র জনগোষ্ঠীর স্বার্থ সুরক্ষায়
- সকলের জন্য সমতা ও নিরপেক্ষতায়
- জাতীয় স্বার্থ সমুন্নত রাখায়
- গণতান্ত্রিক সংস্কৃতি, স্বচ্ছতা ও জবাবদিহীতায়

### উপসংহার

আমরা জানি একটা হতদরিদ্র পরিবারকে দারিদ্র সীমার উপরে টেনে তুলতে চাইলে সর্বাগ্রে প্রয়োজন তাঁকে উপার্জনক্ষম করা বা আয় রোজগার করার জন্য তাঁর দক্ষতা বৃদ্ধি করা। নগর হতদরিদ্র মানুষদের জীবন ও জীবিকার মান উন্নয়নের মাধ্যমে গ্র্যাজুয়েট করা একটি চ্যালেঞ্জিং কাজ। Urban Green Graduation Programme (UGGP) শিরোনামে প্রকল্পের মাধ্যমে SEEP সেই চ্যালেঞ্জিং কাজটি করে যাচ্ছে। এই গ্র্যাজুয়েশনের মাধ্যমে নগর হতদরিদ্র মানুষেরা তাদের স্বপ্ন পূরণে আরও একধাপ এগিয়ে যাবে। আইরিশ এইড এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের সহায়তায় পাঁচ বৎসর ব্যাপি প্রকল্পের প্রথম বছর অতিবাহিত হলো। আমরা সিপের পক্ষ থেকে Irish Aid এবং Concern Worldwide কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। আশাকরি এ পথ চলায় তাদের সহযোগিতা অব্যাহত থাকবে। হতদরিদ্র মানুষেরা খুঁজে পাবে তাদের স্বপ্নের ঠিকানা।

### যোগাযোগের ঠিকানাঃ


**প্রধান কার্যালয়ঃ**

**সোস্যাল এন্ড ইকোনোমিক ইনহ্যান্সমেন্ট প্রোগ্রাম-সিপ**
গ্রামীন ব্যাংক প্রশাসনিক ভবন-০১ (১২ তম তলা)
মিরপুর-০২, ঢাকা-১২১৬।
ই-মেইলঃ seepchildrights@yahoo.com, Website: www.seep.org.bd

**প্রকল্প কার্যালয়ঃ**

**Urban Green Graduation Programme (UGGP)**
৬৬, বড়বাগ, মিরপুর-০২, ঢাকা-১২১৬।
ই-মেইলঃ seepggp@gmail.com Website: www.seep.org.bd


**Acknowledgement : Concern Worldwide Bangladesh & Irish Aid**

---

# নিউজলেটার

## Urban Green Graduation Programme এর এক বৎসর পূর্তি: জানুয়ারি-ডিসেম্বর'২০২৩

আইরিশ এইড এর আর্থিক সহযোগিতায় এবং কনসার্ন ওয়ার্ল্ডওয়াইডের কারিগরী সহায়তায় পরিচালিত একটি প্রকল্প; বাস্তবায়নে সিপ

-------------------------------------------------------------------------------------------------------------------------------